গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০২৭.১৯.০৫০.২৩-৪৯৪

তারিখ: ২১/০৪/১৪৩০ বঙ্গাব্দ।
০৫/০৮/২০২৩ খ্রিষ্টাব্দ।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

দৌলতপুর খুলনায় অবস্থিত আনসার ফ্লাওয়ার মিল বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর একটি কল্যাণমুখী প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য অভিজ্ঞ ও উপযুক্ত আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উক্ত বিজ্ঞপ্তি বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েব সাইট www.ansarvdp.gov.bd এ পাওয়া যাবে।

১। পদের নাম : ব্যবস্থাপক, আনসার ফ্লাওয়ার মিল, দৌলতপুর, খুলনা।

২। দায়িত্ব ও কর্তব্য :
ক। প্রশাসনিক দায়িত্ব: মিলের প্রশাসনিক দায়িত্বসহ শ্রমিক/কর্মচারীদের নিয়ন্ত্রণ, মিলের মোকদ্দমা পরিচালনা এবং অন্যান্য দায়িত্ব পালন করা।
খ। উৎপাদন ও মান নিয়ন্ত্রণ: মিলের উৎপাদনকে সচল রাখা এবং উৎপাদিত দ্রব্যাদির মাননিয়ন্ত্রণের জন্য সবসময় তদারকি করা।
গ। মিল রক্ষণাবেক্ষণ: মিলের রক্ষণাবেক্ষণ, ওভার হোলিং, নতুন যন্ত্রাংশ সংযোজন ইত্যাদি তদারকি করা।
ঘ। ক্রয় বিক্রয়: মিলের ক্রয়কৃত গমের গুণগতমান পরীক্ষা করত লাভজনক হলে সঠিক ওজন যাচাই করে ক্রয়ের ব্যবস্থা করা। অনুরূপভাবে উৎপাদিত মালামাল বাজারের চাহিদা মোতাবেক বাজার দর যাচাই করে বিক্রয়ের ব্যবস্থা করা।
ঙ। মিলের স্থাবর, অস্থাবর সম্পত্তির মেরামত, রক্ষণাবেক্ষণ, খাজনা প্রদান ইত্যাদি দেখাশুনা করা।
চ। ম্যানেজিং ডাইরেক্টর কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা।

৩। অভিজ্ঞতা :
ক। সমজাতীয় শিল্প প্রতিষ্ঠানে সমমর্যাদা সম্পন্ন পদে কমপক্ষে ১২ বছর অভিজ্ঞতা।
খ। অফিস পরিচালনায় পারদর্শী হতে হবে।
গ। MBA ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
ঘ। MS-Word, MS-Excel, MS-PowerPoint এবং MS-Access সম্পর্কে ধারণা থাকতে হবে।

৪। শিক্ষাগত যোগ্যতা : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম বিএসসি (মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং) :

৫। শর্তসমূহ :
ক) আবেদনপত্রে নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা (পাশের সন ও প্রাপ্ত বিভাগ/জিপিএসহ) জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, অভিজ্ঞতা, সচল মোবাইল নাম্বার উল্লেখ করতে হবে।
খ) আবেদনপত্রের সঙ্গে সদ্যতোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত অনুলিপি, ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের মূল সনদপত্র/ভোটার আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
গ) আবেদনের সাথে সোনালী ব্যাংক লি: হতে "ম্যানেজিং ডাইরেক্টর, আনসার ফ্লাওয়ার মিল" অনুকূলে প্রার্থিকে ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার সংযুক্ত করতে হবে।
ঘ) ভুল কিংবা অসম্পূর্ণ তথ্য দাখিল করলে আবেদনপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।
ঙ) এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবেন না।
চ) নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
ছ) প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৬। বেতন ও অন্যান্য সুবিধা : আলোচনা সাপেক্ষে বেতন নির্ধারণ করা হবে। তাছাড়া চিকিৎসা ভাতা, টিএ/ডিএ, মোবাইল বিল, উৎসব ভাতা, বাসা ও গাড়ি ইত্যাদি সুবিধা রয়েছে।

৭। বয়স : অনুর্ধ্ব ৪৫ (পঁয়তাল্লিশ) বছর।

৮। আবেদন করার শেষ তারিখ : ২৭/০৮/২০২৩ খ্রিষ্টাব্দ।

৯। দরখাস্ত পাঠানোর ঠিকানা :
উপপরিচালক (ওয়েলফেয়ার)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯।

০৫-০৮-২০২৩

মোঃ আবু বকর সিদ্দিক
বিএডি নং-১২০১৭৮
উপপরিচালক (ওয়েলফেয়ার)
ও সচিব, আনসার ফ্লাওয়ার মিল
মোবাইল- ০১৭৭৭৭১৬৩৫৬
ই-মেইল- ddwelfare@ansarvdp.gov.bd